

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৭১৭ ১৭/ হক ও অধিকার পরিচ্ছেদঃ পিতা-মাতার সাথে সদ্ধবহার

## আরবী

## বাংলা

(১৭১৭) ইবনে উমার (রাঃ) বলেন, 'আমার বিবাহ বন্ধনে এক স্ত্রী ছিল, যাকে আমি ভালবাসতাম। কিন্তু (আমার পিতা) উমার তাকে অপছন্দ করতেন। সুতরাং তিনি আমাকে বললেন, ''তুমি ওকে ত্বালাক দাও।'' কিন্তু আমি (তা) অস্বীকার করলাম। অতঃপর উমার (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এলেন এবং এ কথা উল্লেখ করলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (আমাকে) বললেন, ''তুমি ওকে ত্বালাক দিয়ে দাও।'' (সুতরাং আমি তাকে ত্বালাক দিয়ে দিলাম।) (আবু দাউদ ৫১৪০, তিরমিয়ী ১১৮৯, হাসান সহীহ সূত্রে)

## ফুটনোট

\* (পিতা উমার (রাঃ) ঐ মহিলার চরিত্রে এমন কিছু দেখেছিলেন, যার জন্য তাঁর কথা মেনে ত্বালাক দেওয়া জরুরী ছিল। অনুরূপ কারো পিতা দেখলে বা জানতে পারলে তাঁর কথা মেনে পুত্রের উচিত স্ত্রীকে ত্বালাক দেওয়া। নচেৎ পিতামাতার কথা শুনে ভালো স্ত্রীকে অকারণে ত্বালাক দেওয়া পিতৃমাতৃভক্তির পরিচয় নয়।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন